NYC HEALTH+ HOSPITALS

# সবার জন্য ভ্যাকসিনেশন



- + ফ্লু শট
- + পেডিয়াট্রিক **Pfizer** ডোজ সমূহ
  - প্রথম ও দ্বিতীয় ডোজ
  - প্রাপ্তবয়স্কদের ডোজের সক্ষমতার এক-তৃতীয়াংশ

## আমাদের যেকোনো হাসপাতালে পাওয়া যাবে

COVID-19 এবং ফ্লু মৌসুম একসাথে হওয়ায়, নিজেকে এবং আপনার সন্তানদের অসুস্থ হওয়া থেকে রক্ষা করা আগের যে কোনও সময়ের চেয়ে অনেক বেশি গুরুত্বপূর্ণ।

COVID-19 এবং ফ্লু ভ্যাকসিনগুলি অসুস্থতা, হাসপাতালে ভর্তি এবং এমনকি মৃত্যুর ঝুঁকি কমাতেও নিরাপদ এবং অত্যন্ত কার্যকর।

আপনার বাচ্চারা আপনার নিজের পকেট থেকে কোন খরচ ছাড়াই একই সাথে COVID-19 ভ্যাকসিন এবং ফ্লু শট নিতে পারবে।

আপনার জন্য কোন ভ্যাকসিনটি সঠিক সে সম্পর্কে আরও জানুন। QR কোডটি স্ক্যান করুন বা কল করুন **1-844-NYC-4NYC** (1-844-692-4692) নম্বরে।

COVID-19 ভ্যাকসিনগুলি সম্পর্কে আরও জানুন

ফ্লু ভ্যাকসিনগুলি সম্পর্কে আরও জানুন

# ফ্লু এবং COVID-19-এর জন্য কার ভ্যাকসিন নেওয়া উচিত?

NYC HEALTH+ HOSPITALS

## ইনফ্লুয়েঞ্জা (ফ্লু) ভ্যাকসিন

ছয় মাস বা তার বেশি বয়সের প্রত্যেকেরই প্রতি বছর একটি মৌসুমী ইনফ্লুয়েঞ্জা (ফ্লু) টিকা নেওয়া উচিত, বিশেষ করে:

- 2 বছরের কম বয়সী শিশু
- 65-এর অধিক বয়সী মানুষ
- যারা গর্ভবতী বা সম্প্রতি জন্ম দিয়েছেন
- যাদের ডায়াবেটিস, হাঁপানি, হৃদরোগ বা এইচআইভির মত মেডিকেল কন্ডিশন রয়েছে
- স্বাস্থ্যসেবা কর্মী এবং মানুষের শুশ্রুষাকারীগণ সহ অপরিহার্য কর্মীরা, যারা অসুস্থ হওয়ার উচ্চ ঝুঁকিতে রয়েছে। যারা শিশুদের, বিশেষ করে ছয় মাসের কম বয়সী নবজাতকদের সেবা দেন তাদের ফ্লুর টিকা নেওয়া উচিত।

## COVID-19 ভ্যাকসিন

বেশিরভাগ জনসাধারণ এখন একটি COVID-19 ভ্যাকসিন পাওয়ার যোগ্য:

- 5 থেকে 11 বছর বয়সী লোকেরা দুটি পেডিয়াট্রিক ডোজ (Pfizer-BioNTech-এর এক তৃতীয়াংশ সক্ষমতার) পেতে পারে
- 12 বছর বা তার বেশি বয়সের লোকেরা Pfizer-BioNTech ভ্যাকসিনের দুটি ডোজ পেতে পারে
- 18 বছর বা তার বেশি বয়সের লোকেরা Moderna-এর দুটি ডোজ, বা Johnson & Johnson/Janssen-এর একটি ডোজ পেতে পারে

## Pfizer বা Moderna COVID-19 ভ্যাকসিনের 3য় ডোজ

কমপক্ষে 28 দিন আগে COVID-19 ভ্যাকসিনের দ্বিতীয় ডোজ পাওয়া, এবং কোনও শারীরিক সমস্যা কিংবা চিকি চিকিৎসাগত কারণে দুর্বল রোগ প্রতিরোধ ব্যাবস্থা সম্বৃদ্ধ ব্যাক্তিদের জন্য তৃতীয় ডোজ পাওয়া যাচ্ছে। এর মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে:

- ক্যান্সারের সক্রিয় চিকি চিকিৎসা
- রোগ প্রতিরোধ ব্যাবস্থার শক্তি হ্রাসকারী অঙ্গ প্রতিস্থাপন এবং ওষুধ
- বিগত 2 বছরের মধ্যে স্টেম সেল প্রতিস্থাপন
- মাঝারি বা গুরুতর প্রাথমিক ইমিউনোডেফিসিয়েন্সি
- এডভান্সড বা চিকিৎসা না করা এইচআইভি
- রোগ প্রতিরোধ ক্ষমতাকে মাঝারি বা গুরুতরভাবে দূর্বল করে দেয় এমন কর্টিকোস্টেরয়েড বা অন্যান্য ওষুধের উচ্চ মাত্রাযোগে সক্রিয় চিকিৎসা।

Pfizer-এর 3য় ডোজ পেতে হলে আপনার বয়স 12 বা তার বেশি হতে হবে এবং Moderna-এর 3য় ডোজ পেতে 18 বা তার বেশি হতে হবে। ডায়াবেটিস, হৃদরোগ বা ফুসফুসের রোগের মতো অন্যান্য শারীরিক সমস্যা সম্বৃদ্ধ বেশিরভাগ মানুষের জন্য তৃতীয় ডোজ সুপারিশ করা হয় না।

## COVID-19 বুস্টার ডোজ - Pfizer ও Moderna ভ্যাকসিন গ্রহীতাগণ

16 বছর বা তার বেশি বয়সী প্রত্যেকেরই প্রাথমিক COVID-19 ভ্যাকসিন সিরিজের দ্বিতীয় ডোজ নেওয়ার অন্তত 6 মাস পর একটি বুস্টার শট নেওয়া উচিত।

যে সকল ব্যক্তিরা Pfizer বা Moderna ভ্যাকসিনের দুটি করে শট পেয়েছেন তাদের বুস্টার হিসেবে ঐ একই ভ্যাকসিন নেওয়ার চেষ্টা করা উচিত, তবে মার্কিন যুক্তরাষ্ট্রে অনুমোদিত তিন ধরনের ভ্যাকসিনের মধ্যে যেকোনো একটিতে পরিবর্তন করার সুযোগ রয়েছে।

16-17 বছর বয়সী যেসব ব্যক্তিরা ছয় মাস বা তারও আগে Pfizer-এর প্রাথমিক সিরিজের ভ্যাকসিন পেয়েছিলেন তারাই কেবল Pfizer-এর বুস্টার শট পাওয়ার যোগ্য। 5-15 বছর বয়সী ব্যক্তিরা বর্তমানে বুস্টার শটের যোগ্য নয়।

## COVID-19 বুস্টার ডোজ - Johnson & Johnson ভ্যাকসিন গ্রহীতাগণ

18 বছর বা তার বেশি বয়সী প্রত্যেকেরই একক ডোজের প্রাথমিক COVID-19 ভ্যাকসিন পাওয়ার অন্তত দুই মাস পরে একটি বুস্টার শট নেওয়া উচিত। একটি বুস্টার শট মার্কিন যুক্তরাষ্ট্রে অনুমোদিত তিন ধরনের ভ্যাকসিনের যেকোনো একটি হতে পারে।

আপনি যদি নিশ্চিত না হন যে আপনি কোন ধরনের ভ্যাকসিন গ্রহণ করবেন, তাহলে ভ্যাকসিন সাইটে আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারী বা ক্লিনিকাল কর্মীদের সাথে কথা বলুন।

NYC Health + Hospitals ব্যাবস্থার হাসপাতালগুলি Pfizer এবং J&J ভ্যাকসিন প্রদান করে। NYC Health + Hospitals/Gotham Health সাইটগুলি Moderna ভ্যাকসিন প্রদান করে। অবস্থান সমূহের সম্পূর্ণ তালিকার জন্য, আমাদের ওয়েবসাইটে ভিজিট করুন: **nychealthandhospitals.org**-এই ঠিকানায়।

Published: 12/13/2021
Bengali